

QP Code: 24/PT/1/VIII

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম (**Post-Graduate Degree Programme**)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (**Term End Examination**) : ডিসেম্বর, ২০২৪

বাংলা (**Bengali**)

অষ্টম পত্র (**8th Paper**)

**SWANIRVAR ANUSHILON (GABESANA PADDHATI,
ANUBAD O SAHITYAMULYA BICHAR)**

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপস্থিত প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) গবেষণাকর্মের উদ্দেশ্য কী ? সাহিত্যিক গবেষণার বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকগুলি সম্বন্ধে বিশদে আলোচনা করুন। ৬ + ১২
- খ) তথ্য-প্রক্রিয়াকরণ, সম্পাদনা ও তথ্যবিশ্লেষণ কী ? এগুলি কীভাবে একটি গবেষণাকর্মকে সফলভাবে সম্পন্ন করতে সাহায্য করে দৃষ্টান্তসহ লিখুন। ৬ + ১২
- গ) গবেষণায় ক্ষেত্র-সমীক্ষা কেন প্রয়োজন ? কোন্ ধরনের গবেষণায় তা করা উচিত ? কীভাবে ক্ষেত্র-সমীক্ষার প্রশ্নমালা প্রস্তুত করা হয় সবিস্তারে আলোচনা করুন। ৪ + ২ + ১২
- ঘ) অনুবাদের ক্ষেত্রে কী কী সমস্যা থাকতে পারে ? এই সমস্যাগুলি নিরসনের জন্য অনুবাদক কী কী পন্থা অবলম্বন করেন বুঝিয়ে দিন। ৯ + ৯

- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) ভাবানুবাদ কী ? দৃষ্টান্তসহ বুঝিয়ে দিন। ২ + ১০
- খ) নামপত্র কাকে বলে ? যে-কোনো একটি নামপত্রের নমুনা প্রস্তুত করুন। মুখবন্ধ ও স্বীকৃতিপত্রে সাধারণত কী বলা হয় ? ১ + ৫ + ৬
- গ) ঊনবিংশ শতকে অনুদিত বাংলা গ্রন্থের উল্লেখ করে সেগুলির গুরুত্ব ও তাৎপর্য সম্বন্ধে মন্তব্য করুন।
- ঘ) অনুবাদের পদ্ধতিতে 'fidelity' এবং 'transparency' বলতে কী বোঝায় ? আলোচনা করুন। ৬ + ৬
- ঙ) গ্রন্থপঞ্জি কী ? কীভাবে গ্রন্থপঞ্জি প্রস্তুত করতে হয় সবিস্তারে দৃষ্টান্তসহ আলোচনা করুন। ৪ + ৬ + ২
- চ) 'I saw in Louisiana a liveoak growing' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুর কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় অনুবাদ করেছিলেন ? অনুবাদটির বৈশিষ্ট্য সম্বন্ধে লিখুন। ২ + ১০
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮
- ক) টীকা ও গ্রন্থপঞ্জির মধ্যে পার্থক্য কী ? উদাহরণসহ বুঝিয়ে দিন।
- খ) বাংলায় অনুবাদ করুন :
- Selecting an appropriate topic is seldom a simple matter. Even after you discover a subject that attracts your interest, you may well find yourself revising your choice, modifying your approach, or changing topics altogether after you have begun research.
- গ) অরুণ মিত্র বলেছিলেন - 'একই সঙ্গে দুই ভাষার স্তরে মনকে নিযুক্ত রাখা দুই ভাষা নিয়ে মাথা ঘামানো এবং দুই ভাষার চালচলন পদ্ধতিপ্রকরণের উপর প্রতি মুহূর্তে নজর রাখা। সুতরাং অনুবাদকর্মের প্রথম শর্তই হল দুটি ভাষা সম্বন্ধে পর্যাপ্ত জ্ঞান। সমান জ্ঞান বলবো না।' — মন্তব্যটি আলোচনা করুন।
- ঘ) 'ট্রান্সলেশন' ও 'ট্রান্সক্রিয়েশনের' মধ্যে সম্পর্ক কী ?
- ঙ) বিদ্যাসাগর-অনুদিত একটি অনুবাদকর্ম সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।

চ) বাংলা গদ্য বিকাশের উষালগ্নে ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিতগণ বাংলা অনুবাদের ক্ষেত্রে কীভাবে উর্বর করেছিলেন দৃষ্টান্তসহ উল্লেখ করুন।

ছ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কেমন অনুবাদকর্ম সে বিষয়ে আপনার অভিমত সংক্ষেপে লিখুন।

জ) ইংরেজিতে অনুবাদ করুনঃ

‘গ্যোটের মতে অনুবাদকে তখনই শ্রেষ্ঠ বলা যায় যখন তার লক্ষ্য হয় মূল সৃষ্টির সঙ্গে ঐক্য অর্জন করা। এক্ষেত্রে মূল ও অনুবাদ একটি অপরটির পরিবর্ত হয় না, অভিন্ন হয়। এই ধরনের অনুবাদ সাহিত্যের রসাস্বাদনের জন্য পাঠকের রুচি পরিশীলিত হওয়া প্রয়োজন।’

=====